



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো

সিআইবি সার্কুলার নং-০১

তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২৫  
১৪ আশ্বিন ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**বেসরকারি খাতের বৈদেশিক ঋণের (সাপ্লায়ার্স ক্রেডিট-সহ) তথ্য সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করা প্রসঙ্গে।**

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক বিতরণকৃত ঋণের তথ্য বাংলাদেশ ব্যাংকের সিআইবি ডাটাবেইজে সংরক্ষণ করা হয়। দেশের বেসরকারি খাতের ঋণগ্রহীতারা বিদেশি ঋণদাতাদের কাছ থেকে বৈদেশিক ঋণ (সাপ্লায়ার্স ক্রেডিট-সহ) গ্রহণ করে থাকেন। বর্তমানে এরূপ বৈদেশিক ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্ত না থাকায় ঋণগ্রহীতার প্রকৃত ঋণের তথ্য সিআইবি রিপোর্টে প্রতিফলিত হয় না এবং উক্ত বৈদেশিক ঋণ পরিশোধে ব্যর্থ হলেও ঋণগ্রহীতার স্থানীয়ভাবে নতুন ঋণ সুবিধা পাওয়ার সম্ভাবনা থেকে যায়। সিআইবি ডাটাবেইজে বেসরকারি খাতের বৈদেশিক ঋণ অন্তর্ভুক্ত করার মাধ্যমে দেশের ব্যাংকিং খাতে স্বচ্ছতা আরও বৃদ্ধি পাবে, জবাবদিহিতা বাড়বে এবং ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা উন্নত হবে। ফলশ্রুতিতে ব্যাংক এবং ফাইন্যান্স কোম্পানিসমূহ গ্রাহকের ঋণ অনুমোদনকালীন সময়ে সক্ষমতা যাচাই ও ঝুঁকি নিরূপণ আরও দক্ষতার সঙ্গে সম্পাদন করতে পারবে, যা সামগ্রিকভাবে আর্থিক খাতের ঋণ শৃঙ্খলা বজায় রাখতে সহায়তা করবে। এছাড়া বিদেশি বিনিয়োগকারী কিংবা আন্তর্জাতিক সংস্থার আস্থা অর্জনেও ইতিবাচক ভূমিকা রাখার পাশাপাশি দেশের আন্তর্জাতিক ক্রেডিট রেটিং উন্নত হওয়ার সম্ভাবনা সৃষ্টি হবে।

২। এই প্রেক্ষাপটে ঋণগ্রহীতাদের বহিঃঋণ মনিটরিং ও ঝুঁকি মূল্যায়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বেসরকারি খাতের বৈদেশিক ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে, সিআইবি ডাটাবেইজে বেসরকারি খাতের বৈদেশিক ঋণের (সাপ্লায়ার্স ক্রেডিট-সহ) তথ্য রিপোর্ট করার ক্ষেত্রে আপনাদেরকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) বা বাংলাদেশ ব্যাংকের অনুমোদন মোতাবেক গৃহীত সকল ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের বেসরকারি খাতের বৈদেশিক ঋণের তথ্য মনোনীত (Nominated) ব্যাংক কর্তৃক সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে। এতদ্ব্যতীত, BIDA বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদনের আবশ্যিকতা নেই এরূপ বেসরকারি খাতের বৈদেশিক ঋণ সুবিধা (যে নামেই অভিহিত হোক না কেন) যা বিদ্যমান বিধান অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংকের নিজস্ব ঋণ (ফান্ডেড/নন-ফান্ডেড) হিসেবে বিবেচিত হয় না এবং যার কারণে ব্যাংকের কোন দায়বদ্ধতা সৃষ্টি হয় না, এ ধরনের ঋণসমূহও সংশ্লিষ্ট মনোনীত ব্যাংক কর্তৃক সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

খ) বৈদেশিক ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠান-সহ উল্লিখিত ঋণের সাথে স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের (পরিচালক, ২০% এর অধিক শেয়ারহোল্ডার, জামিনদাতা ইত্যাদি) CIB Enquiry form, RJSC কর্তৃক ইস্যুকৃত ফর্ম XII, শিডিউল X-সহ অন্যান্য তথ্য সম্বলিত দলিলাদি মনোনীত ব্যাংক ঋণগ্রহীতার নিকট থেকে সংগ্রহ করবে এবং সিআইবি সার্কুলার ও রিপোর্টিং গাইডলাইন অনুযায়ী ঋণগ্রহীতাসহ এর স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের Subject Data সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

৯

(পরবর্তী পাতা দ্রষ্টব্য)

(পূর্ব পাতার পর)

-০২-

গ) বৈদেশিক ঋণতথ্যের পাশাপাশি বিদেশি ঋণদাতার (Foreign Lender) নাম, ঠিকানা ও দেশের নাম এবং বাংলাদেশের Approval Authority এর তথ্য প্রতিটি ঋণের সাথে সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

ঘ) বৈদেশিক ঋণের সকল তথ্য Approved Foreign Currency অনুযায়ী সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে। এছাড়া, উক্ত ঋণের রিপোর্টকৃত Outstanding এবং Overdue এর পরিমাণ Equivalent USD অনুযায়ীও রিপোর্ট করতে হবে।

ঙ) ক্রেডিট ইনফরমেশন ব্যুরো'র রিপোর্টিং গাইডলাইন এবং 'সংযোজনী-ক' এর নির্দেশনা অনুসরণপূর্বক সিআইবি সার্কুলার মোতাবেক ঋণতথ্য দাখিলের বিদ্যমান সময়সীমার সাথে সামঞ্জস্য রেখে বেসরকারি খাতের বৈদেশিক ঋণের অক্টোবর ২০২৫ পর্যন্ত তথ্যসহ তৎপরবর্তী সকল ঋণের তথ্য আগামী ০১ নভেম্বর ২০২৫ তারিখ থেকে মাসিক ভিত্তিতে সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

চ) ঋণগ্রহীতার কোন নতুন বৈদেশিক ঋণ গৃহীত হলে, কিংবা রিপোর্টকৃত কোন বিদ্যমান ঋণ সমন্বয় হলে বা কোন কারণে যে কোন পরিবর্তন হলে তা তাৎক্ষণিকভাবে সিআইবি ডাটাবেইজে Real Time-এ রিপোর্ট করতে হবে।

ছ) সিআইবি ডাটাবেইজে কোন ভুল/মিথ্যা তথ্য দাখিল করা হলে বা কোন তথ্য গোপন করা হলে জরিমানা আরোপের ক্ষেত্রে সিআইবি সার্কুলার নং ০২/২০১১, তারিখ ০৪/০৫/২০১১ এবং তৎপরবর্তীতে জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং ০১, তারিখ ০৫/০৩/২০২৫ এর বিধানসমূহ প্রযোজ্য হবে।

৩। এই নির্দেশনা আগামী ০১ নভেম্বর ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (এক পাতা)।

আপনাদের বিশ্বস্ত,



(মো: শফিকুল ইসলাম)

পরিচালক (সিআইবি)

ফোন: ৯৫৩০১৩৩

১) বেসরকারি খাতের বৈদেশিক ঋণের (সাপ্লায়ার্স ক্রেডিটসহ) তথ্য সংগ্রহ করার পদ্ধতি:

বেসরকারি খাতের বৈদেশিক ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করার জন্য বর্তমানে বিদ্যমান Contract Type এর ডোমেন টেবিলে নিম্নোক্ত নতুন ৯টি ফিল্ড সংযোজন করা হলো।

| Table: Contract Type for External Borrowing in Private Sector |                                             |
|---------------------------------------------------------------|---------------------------------------------|
| Value                                                         | Description                                 |
| <b>Installment contracts</b>                                  |                                             |
| F1                                                            | Foreign Term Loan                           |
| F2                                                            | Foreign Buyer's Credit (Installment)        |
| F3                                                            | Foreign Supplier's Credit (Installment)     |
| F4                                                            | Foreign Intra-Company Installment Loan      |
| F5                                                            | Foreign Other Installment Loan              |
| <b>Non-Installment contracts</b>                              |                                             |
| F6                                                            | Foreign Buyer's Credit (Non-Installment)    |
| F7                                                            | Foreign Supplier's Credit (Non-Installment) |
| F8                                                            | Foreign Intra-Company Non-Installment Loan  |
| F9                                                            | Foreign Other Non-Installment Loan          |

২) বৈদেশিক ঋণের তথ্য **Approved Foreign Currency** অনুযায়ী রিপোর্ট করার পদ্ধতি:

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক বিতরণকৃত ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে Currency হিসেবে Bangladeshi taka (BDT) তে রিপোর্ট করার আবশ্যিকতা রয়েছে। তবে, বেসরকারি খাতের বৈদেশিক ঋণের সকল তথ্য Approved Foreign Currency অনুযায়ী সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে। এ প্রেক্ষিতে বৈদেশিক ঋণের তথ্য রিপোর্টিং-এর জন্য Currency এর নিম্নোক্ত ডোমেন টেবিল সংযোজন করা হলো।

| Table: Currency Code for External Borrowing in Private Sector |                   |
|---------------------------------------------------------------|-------------------|
| Value                                                         | Description       |
| BDT                                                           | Bangladeshi Taka  |
| USD                                                           | US Dollar         |
| CNY                                                           | Chinese Yuan      |
| EUR                                                           | Euro              |
| AUD                                                           | Australian Dollar |
| CHF                                                           | Swiss Franc       |
| GBP                                                           | Pound Sterling    |
| JPY                                                           | Japanese Yen      |
| SGD                                                           | Singapore Dollar  |
| ACU                                                           | ACU Dollar        |

৩) বৈদেশিক ঋণের **Approval Authority** এর তথ্য সংগ্রহ করার পদ্ধতি:

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) বা বাংলাদেশ ব্যাংকের অনুমোদন মোতাবেক অথবা প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের জারিকৃত সার্কুলার মোতাবেক মনোনীত ব্যাংকের মাধ্যমে ঋণগ্রহীতার বেসরকারি খাতে বৈদেশিক ঋণ গৃহীত হয়। এ প্রেক্ষিতে বাংলাদেশের Approval Authority এর তথ্য প্রতিটি ঋণের সাথে রিপোর্ট করার জন্য নিম্নোক্ত ডোমেন টেবিল সংযোজন করা হলো।

| Table: Approval Authorities for External Borrowing in Private Sector |                                                           |
|----------------------------------------------------------------------|-----------------------------------------------------------|
| Value                                                                | Description                                               |
| BIDA                                                                 | Bangladesh Investment Development Authority               |
| BB-FEID                                                              | Foreign Exchange Investment Department of Bangladesh Bank |
| BB-FEPD                                                              | Foreign Exchange Policy Department of Bangladesh Bank     |
| BB-Other                                                             | Other Department of Bangladesh Bank                       |
| Other                                                                | Foreign loan without prior approval of Bangladesh Bank    |

৯